

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ নামাযের নিয়মাবলি রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

হাত রাখার জায়গা

এরপর মহানবী (ﷺ) উভয় হাতকে বুকের উপর রাখতেন। (আবূদাউদ, সুনান ৭৫৯ নং, ইবনে খুয়াইমাহ্, সহীহ ৪৭৯ নং, আহমাদ, মুসনাদ, আবুশ শায়খ প্রমুখ)

প্রকোষ্ঠের উপর প্রকোষ্ঠ রাখার আদেশ একথাও প্রমাণ করে যে, হাত বুকের উপরেই বাঁধা হবে। নচেৎ তার নিচে প্রভাবে রাখা সম্ভব নয়। মুহাদ্দিস আলবানী (রহঃ) বলেন, বুকের উপরেই হাত বাঁধা সুন্নাহতে প্রমাণিত। আর এর অন্যথা হয় যয়ীফ, না হয় ভিত্তিহীন। (সিফাতু স্বালাতিন নাবী (ﷺ), আলবানী ৮৮পৃ:)

বুকে রয়েছে হৃদয়। যার উপর হাত রাখলে অনন্ত প্রশান্তি, একান্ত বিনয় ও নিতান্ত আদব অভিব্যক্ত হয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2855

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন